গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.moha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৪.২৫.৫০

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: আব্দুল ফাত্তাহ (সাময়িক বরখাস্ত), জেলার হিসেবে ১৭.০১.২০২৩ হতে ২৮.০৯.২০২৪ তারিখ পর্যন্ত পঞ্চগড় জেলা কারাগারে কর্মকালীন উক্ত কারাগারের ২০১৮-২০২৪ আর্থিক সালের বিভাগীয় নিরীক্ষা প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে খোরাকী রেশন '৩২৫৪১০৪' খাতে সরকারি অর্থ তছরূপ ও অনিয়মের প্রমাণ পাওয়া যায়। উক্ত প্রতিবেদনের ভিত্তিতে কারা অধিদপ্তর কর্তৃক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি সরজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ আর্থিক সালে ০৩টি ভুয়া (বাবা মায়ের দোয়া, নূর স্টোর, শুভ স-মিল) ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে ৫৭ টি ভুয়া বিল পাশ করে মোট ১,৩৩,২০,০০০/- (এক কোটি তেত্রিশ লক্ষ বিশ হাজার) টাকা আত্মসাত করেছেন মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে; এবং

০২। যেহেতু, তিনি পঞ্চগড় জেলা কারাগারে ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ আর্থিক সালে ০৩টি ভুয়া (বাবা মায়ের দোয়া, নূর স্টোর, শুভ স-মিল) ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে ৫৭ টি ভুয়া বিল পাশ করে মোট ১,৩৩,২০,০০০/- (এক কোটি তেত্রিশ লক্ষ বিশ হাজার) টাকা জেল সুপার, জেলা হিসাবরক্ষণ অফিসের কর্মকর্তা/কর্মচারী ও কারারক্ষী নং-০৭২৬২ মোঃ জাফর মাহামুদ শাকিল পরস্পর যোগসাজশে আত্মসাত করেছেন। উক্ত আত্মসাতকৃত ১,৩৩,২০,০০০/- (এক কোটি তেত্রিশ লক্ষ বিশ হাজার) টাকা ০৯টি চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, পঞ্চগড় শাখায় জমা প্রদান করেছেন; যার মধ্যে তিনি ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা জমা দিয়েছেন; এবং

০৩। যেহেতু, তৎসময়ে পঞ্চগড় জেলা কারাগারে বন্দির সংখ্যা কম থাকা সত্ত্বেও ইচ্ছাকৃত ও পরিকল্পিতভাবে এবং অসৎ উদ্দেশ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৬.০৬.২০২৩, ০২.১০.২০২৩, ০১.০১.২০২৪ ও ০৪.০৪.২০২৪ তারিখ ০৪টি আলাদা চাহিদাপত্র দিয়ে খোরাকী রেশন খাতে অতিরিক্ত অর্থ গ্রহণ করে যোগসাজশে অর্থ আত্মসাতের অপচেষ্টা করেন এবং তিনি কর্তৃত্ব বহির্ভূতভাবে ক্ষমতার অপব্যবহার করে অসৎ উদ্দেশ্যে জেল সুপারকে বাইপাস করে আর্থিক চিঠিপত্র কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কারা সহকারীর পরিবর্তে কারারক্ষী নং-০৬২৬২ মোঃ জাফর মাহামুদ শাকিলকে মার্ক করে সব বিল প্রস্তুত, রেজিস্টার লিপিবদ্ধ করণ ও জেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করেন; এবং

০৪। বর্ণিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা অধিদপ্তর হতে গত ০৪.০৯.২০২৫ তারিখে অনুরোধ জানানো হয়। সে পরিপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে **'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ'** এর দায়ে তাঁকে অভিযুক্ত করে বিভাগীয় মামলা-১২/২০২৫ নম্বর রুজুপূর্বক গত ২৯.০৯.২০২৫ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়। তিনি বর্ণিত অভিযোগের বিষয়ে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। গত ০৭-০১-২০২৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

০৫। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য গত ১৯-০১-২০২৬ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়; এবং

০৬। যেহেতু, তদন্ত প্রতিবেদন, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ'এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), ২০১৮ বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক গত ১৬.০৬.২০২৬ তারিখে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৭। যেহেতু, তিনি গত ০৫-০৭-২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন। দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, অভিযোগের গুরুত্ব এর প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনায় তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

০৮। যেহেতু, তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর রেগুলেশন-৬ অনুযায়ী তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের

বিষয়ে পরামর্শ প্রদানের জন্য গত ০৬.০৮.২০২৬ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে অনুরোধ জানানো হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে **'চাকুরী হইতে বরখাস্তকরণ'** সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে গত ২৭.০৯.২০২৬ তারিখে পরামর্শ প্রদান করে।

০৯। সেহেতু, জনাব মোঃ আব্দুল ফাত্তাহ, জেলার (বর্তমানে সাময়িক বরখাস্ত), কুষ্টিয়া জেলা কারাগার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে তাঁকে **"চাকুরী হইতে বরখাস্ত"** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১১/১০/২০২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নং-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৪.২৫.৫০/২(১১)

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩
১১ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (কারা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৩। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। উপসচিব, কারা-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিবের সদয় অবগতির জন্য)
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটেড পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। জনাব মোঃ আব্দুল ফাত্তাহ, জেলার, কুষ্টিয়া জেলা কারাগার (চাকরি হতে বরখাস্তকৃত)
১০। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। অফিস কপি/মাস্টার কপি

১১-১০-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব